

ঢাকা ওয়াসা

- ১। এফ. এম. বিভাগ- ১ ও ২ হতে প্রাপ্ত চাহিদাপত্র।
- ২। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। পূর্বের অনুমোদিত প্রাক্কলিত দরের কপি।
- ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: ঢাকা ওয়াসার এফ. এম. বিভাগের জন্য 200 Amps Fuse Disconnect Switch সংগ্রহ প্রসংগে।

অনুচ্ছেদ: ১.০




ক্রমিক নং-১ হতে ৫ পর্যন্ত দেখা যেতে পারে। এফ. এম. বিভাগ- ১ ও ২ হতে ৫০০ টি 200 Amps Fuse Disconnect Switch সংগ্রহের জন্য চাহিদা পত্র পাওয়া গেছে (ক্রমিক নং-১)। ঢাকা ওয়াসার আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান বর্তমানে ১৩০০ টির অধিক গভীর নলকূপ হতে পানি উত্তোলন পূর্বক নগরবাসীর নিকট সরবরাহ করা হয়। এই সকল নলকূপের পাম্প সহ সকল ইলেকট্রো-মেকানিক্যাল রক্ষণাবেক্ষন কাজ এফ. এম. বিভাগ-১ ও ২ হতে করা হয়। বর্তমানে এফ. এম. বিভাগ-১ ও ২ ইলেকট্রো-মেকানিক্যাল রক্ষণাবেক্ষন কাজে প্রায় ৩০০ এর অধিক Cut out ব্যবহার করে থাকেন। কোন Cut out নষ্ট হয়ে গেলে মেরামত করতে প্রায় ৩-৪ ঘণ্টা বা তার চেয়ে বেশী সময় লাগে। উক্ত সময়ে পাম্প বন্ধ থাকার কারনে পানি সরবরাহ ব্যবস্থা ব্যত হয়। তাছাড়া গভীর নলকূপ এর বৈদ্যুতিক রক্ষণাবেক্ষনের জন্য প্রায় প্রতিটি কূপে ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ (ভিএফডি) ব্যবহার করা হচ্ছে। সাধারণ Cut out ব্যবহারে ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ এর মত সংবেদনশীল ডিভাইস অপারেশন সমস্যা হয়। Fuse Disconnect Switch a multi pole এবং handle থাকার কারনে অপারেশন, রক্ষণাবেক্ষন সহজ এবং সময় সাশ্রয়ী। অন্যদিকে Over Current এবং Short Circuit এর ক্ষেত্রে দ্রুত বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষা করে। তাছাড়া সাইজে ছোট এবং ম্যানুয়েল অপারেশন সহজ বিধায় Cut out এর তুলনায় অধিক ব্যবহার উপযোগী।

অনুচ্ছেদ: ১.১

এফ. এম. বিভাগ- ১ ও ২ এর চাহিদার প্রেক্ষিতে 200 Amps Fuse Disconnect Switch সংগ্রহের লক্ষ্যে স্পেসিফিকেশন ও দর যাচাই কমিটি কর্তৃক নির্ধারিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রণয়ন করে ক্রমিক নং-৪ এ উপস্থাপন করা হল। প্রণীত প্রাক্কলনটিতে প্রতি সেট Fuse Disconnect Switch এর দাম ২০,০০০/- এবং রিলেটেড সার্ভিস বাবদ ৫০,০০০/- হিসাবে ৯৫ টি Fuse Disconnect Switch এর সবমোট ব্যয় দাঁড়িয়েছে ১৯,৫০,০০০/- (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। প্রস্তাবিত ক্রয় কাজটি চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় “খুচরা যন্ত্রাংশ (অন্যান্য)” খাত এর ক্রমিক নং-৩৩ এ ধরা আছে (ক্র: নং-২ দ্রঃ)। DoFP অনুযায়ী বর্ণিত কাজটি অনুমোদনের ক্ষমতা Chief Engineer, Dhaka WASA এর এখতিয়ারভুক্ত।

অনুচ্ছেদ: ১.২

আলোচ্য সংগ্রহ কাজটি CPTU প্রণীত STD (e-PG-2) অনুসরণ পূর্বক উন্মুক্ত দরপত্র (OTM) আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। এছাড়া TDS এর ITT 1-1 তে Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA রাখা হয়েছে। উক্ত দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 9.1 (a) তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 9.1 (b) The minimum specific experience as Supplier in supply of similar Goods of at least 2 (two) contract(s) successfully completed within the last 5 years, each with a value of at least Tk.14 lakh i.e years counting backward from the date of publication of IFT in the e-GP system. Or the satisfactory completion of supply of similar Goods of minimum 18 Lakh under maximum 1 (one) contract in the last 5 (Five) of years i.e years counting backward from the date of publication of IFT in the e-GP System। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 10 (a) তে দরদাতার ন্যূনতম লিকুইড এসেট ১৬ লক্ষ টাকা রাখা যেতে পারে। আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ: ১.৩


এমতাবস্থায়, উপরোক্ত অনুচ্ছেদ-১.০, ১.১ ও ১.২ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার বিদ্যমান পানির পাম্প সমূহ সুষ্ঠু রক্ষণাবেক্ষনের স্বার্থে 200 Amps Fuse Disconnect Switch সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

(ক) উল্লিখিত সংগ্রহ কাজে ১৯,৫০,০০০/- (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনটির অনুমোদন।


(খ) উক্ত ক্রয় কাজটি উপরিউক্ত শর্তাবলীসহ CPTU প্রণীত STD (e-PG-2) অনুসরণ পূর্বক উন্মুক্ত দরপত্র (OTM) আহ্বানের মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

(গ) আলোচ্য সংগ্রহ কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় “খুচরা যন্ত্রাংশ (অন্যান্য)” খাত এর ক্রমিক নং-৩৩ হতে নির্বাহের অনুমোদন।


ঘ) আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।


২৫.১০.২৪


মজন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।



২৫.১০.২৪


সাইমুল হক
উপ-বিভাগীয় প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-৩
ঢাকা ওয়াসা।



১৫.১০.২৪


মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা


১৫.১০.২৪



১৫.১০.২৪
মোঃ আরিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।





১৫.১০.২৪
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


১৫.১০.২৪

১.৪/ App Authority অনুমতি, ১৫.১০.২৪. Approving
Authority Chief Engineer, Dhaka WASA.


১৭/১০/২৪

২.৩/ অনুচ্ছেদ: ২.৬ এর প্রকৃষ্ট অনুমোদন করা হল।


১৭/১০/২৪
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

EE, Proc-2

২৬/১০/২৪
২৬/১০/২৪

